

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১২০৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৮৩]
৫। মাসজিদ ও সালাতের স্থানসমূহ (كتاب المساجد ومواضع الصلاة)
পরিচ্ছেদঃ ২৩. সালাতের পর যিক্র

باب الذِّكْر بَعْدَ الصَّلاَةِ

আরবী

حَدَّ ثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّ ثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، عَنْ أَبِي مَعْبَدٍ، مَوْلَى ابْنِ عَبَّاسٍ قَالَ مَا كُنَّا نَعْرِفُ انْقِضَاءَ صَلَاةِ رَسُولِ ابْنِ عَبَّاسٍ، قَالَ مَا كُنَّا نَعْرِفُ انْقِضَاءَ صَلَاةِ رَسُولِ النَّهِ صَلَى الله عليه وسلم إِلاَّ بِالتَّكْبِيرِ. قَالَ عَمْرٌو فَذَكَرْتُ ذَلِكَ لأَبِي مَعْبَدٍ فَأَنْكَرَهُ وَقَالَ لَمْ أُحَدِّثُكَ بِهَذَا . قَالَ عَمْرُو وَقَدْ أَخْبَرَنِيهِ قَبْلَ ذَلِكَ .

বাংলা

১২০৪-(১২১/...) ইবনু আবূ উমর (রহঃ) 'আবদুল্লাহ ইবনু আব্বাস (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সালাত শেষ হওয়া তাকবীর পাঠ ছাড়া আর কিছু দ্বারা জানতে পারতাম না। আমর ইবনু দীনার বলেছেনঃ আমি পরবর্তী সময়ে (আবদুল্লাহ ইবনু আব্বাস-এর নিকট থেকে হাদীসটির বর্ণনাকারী) আবূ মা'বাদ-এর হাদীসটির প্রসঙ্গ উল্লেখ করলে তিনি অস্বীকৃতি জানিয়ে বললেনঃ আমি তোমার কাছে এ হাদীস বর্ণনা করিনি। অথচ ইতোপূর্বে তিনি আমার নিকট হাদীসটি বর্ণনা করেছিলেন*। (ইসলামী ফাউন্ডেশন ১১৯৩, ইসলামীক সেন্টার

English

Ibn 'Abbas reported:

We knew the finishing of the prayer of the Messenger of Allah (ﷺ) through takbir. 'Amr (b. Dinar) said: I made a mention of it to Abu Mas'ud. hue he rejected it and said: I never narrated it to you. 'Amr said: He did narrate it before this.

ফুটনোট

* ইমাম নাবাবী (রহঃ) বলেন, উর্ধস্তন রাবীর হাদীস বর্ণনার বিষয়টি সন্দেহ পতিত হওয়া বা ভুলে যাওয়ার



প্রেক্ষাপটে নিম্নস্তর রাবী সিকাহ বা নির্ভরযোগ্য হলে হাদীস সহীহ হিসেবেই পরিগণিত হবে- এটা জমহুর উলামাগণের অভিমত। (শারহে মুসলিম- ১ম ২১৭ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন